# মিঠাপুকুর উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরনী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ জাকির হোসেন সরকার<br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>মিঠাপুকুর,রংপুর । |
| স্হান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ |
| তারিখ | ঃ | ৩০/১১/২০২১ খ্রিঃ |
| সময় | ঃ | দুপুর ১১.৩০ ঘটিকা |

সভায় উপস্হিত সম্মানিত সদস্য সদস্যাগণের নামের তালিকা পরিশিষ্ট- ক এ প্রদর্শিত

অদ্যকার উপজেলা পরিষদের মাসিক সভায় উপজেলা পরিষদের সম্মানিত চেয়ারম্যান ও সভাপতি জনাব মোঃ জাকির হোসেন সরকার, সভার উপস্হিত সকলকে শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসারকে সভার কাজ এগিয়ে নেওয়ার জন্য অনুরোধ করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসার সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ দিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন ।

আলোচ্যসূচী ঃ

০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদন করন।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

০৩। বিবিধ ।

০১। বিগত সভার সিদ্ধান্ত পঠন ও অনুমোদন করন ।

১নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে বিগত সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনানো হয় । কারো কোন আপত্তি না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হলো।

০২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ।

২নং আলোচ্য বিষয়ে আলোচনা শুরু হলে সভায় উপস্থিত বিভাগীয় কর্মকর্তাগন তাদের স্ব-স্ব বিভাগের কাজের অগ্রগতি সভায় উপস্হাপন করেন । যা বিভাগওয়ারী নিম্নরুপঃ-

(১) উপজেলা প্রকৌশল বিভাগঃ

উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক আছে। তিনি আরোও বলেন,

(ক) উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর মহোদয়ের বাসভবনের পূর্বের বাউন্ডারী ওয়াল সড়ক ও জনপথ বিভাগের রাস্তা প্রসস্থ করণের জন্য ভাঙ্গা হয়েছিল এবং নিরাপত্তার স্বার্থে দ্রুত RFQ এর মাধ্যমে ৬,১০,১৫৫/ (ছয় লক্ষ দশ হাজার একশত পঞ্চান্ন ) টাকার প্রাক্কলন প্রস্তুত করে গত ১৮/০৩/২০২১ তারিখের মাসিক সভায় কাজটি বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে RFQ এর পরিবর্তে LTM এর সিদ্ধান্ত গৃহীত হওয়ায় প্রাক্কলন সংশোধন করে ৭,৪০,৩৯৭.১৫ ( সাত লক্ষ চল্লিশ হাজার তিনশত সাতানব্বই টাকা পনের পয়সা) টাকার প্রাক্কলন অনুযায়ী টেন্ডার আহবান করা হয়। লটারীর মাধ্যমে ৫% নিম্নদরে মেসার্স বুলবুলি ট্রেডার্স এর সাথে ৭,০৩,৩৭৭/- (সাত লক্ষ তিন হাজার তিনশত সাতাত্তর) টাকায় কাজটি বাস্তবায়নের চুক্তি স্বাক্ষরিত হয়। বর্তমানে বাউন্ডারি ওয়ালের নীচে মাটি ভরাট, ভীতর পার্শ্বে প্লাষ্টার এবং অন্যান্য কাজ বৃদ্ধি পাওয়ায় প্রাক্কলন সংশোধন করা হয়। সংশোধিত প্রাক্কলনের পরিমান ৮,১৬,২০৮.৯৫( আট লক্ষ ষোল হাজার দুই শত আট টাকা পঁচানব্বই পয়সা ) টাকা। উক্ত প্রাক্কলন অনুযায়ী ৫% নিম্নদরে সংশোধিত চুক্তিমূল্য দাড়ায় ৭,৭৫,৩৯৮.৫০ (সাত লক্ষ পঁচাত্তর হাজার তিনশত আটানব্বই টাকা পঞ্চাশ পয়সা । উক্ত ব্যয় ভার রাজস্ব তহবিল হতে নির্বাহ করা হবে। এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর মহোদয়ের বাসভবন এর পূর্ব পার্শ্বের বাউন্ডারি ওয়াল নির্মানের জন্য মের্সাস বুলবুলি ট্রেডার্স এর সাথে= ৭,৭৫,৩৯৮.৫০ (সাত লক্ষ পঁচাত্তর হাজার তিনশত আটানব্বই টাকা পঞ্চাশ পয়সার সংশোধিত চুক্তি করার অনুমোদন সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হবে।

(খ) মিঠাপুকুর উপজেলা পরিষদের অভ্যন্তরের কোয়ার্টার ধরলা ভবন-৪ এর ২টি পানির ট্যাংক প্রতিটি ১০০০ লিটারের স্থাপনের জন্য এবং আনুসঙ্গিক অন্যান্য খরচ বাবদ মোট ৭২,০০০/- (বাহাত্তর হাজার) টাকার প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। কাজটি বাস্তবায়ন করা প্রয়োজন। এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে উপজেলা কোয়ার্টার এর ভবন-৪ এর ২ টি পানির ট্যাংক স্থাপনের জন্য এবং অন্যান্য আনুসঙ্গিক কাজ করার জন্য ৭২,০০০/- (বাহাত্তর হাজার ) টাকার প্রাক্কলন অনুমোদন সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হবে।

(গ) উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর এর নতুন বাসভবন নির্মান কাজের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখা হতে ১৪/১১/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.১৪৯.২১-৫৯৮ নম্বর স্মারক অনুযায়ী ১,৪৬,৫৬,৭১৩/- (এক কোটি ছেচল্লিশ লক্ষ ছাপ্পান্ন হাজার সাতশত তের) টাকার প্রাক্কলনের অনুমোদন পাওয়া গেছে। উক্ত প্রাক্কলন অনুযায়ী দরপত্র আহবান করা যেতে পারে। PPR- ২০০৮ অনুযায়ী উক্ত প্রাক্কলনে বর্ণিত অর্থ দ্বারা LTM এর মাধ্যমে ঠিকাদার নিযুক্ত করে কাজটি বাস্তবায়ন করা যেতে পারে। এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর এর নতুন বাসভবন নির্মান কাজের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয় হতে অনুমোদিত ১,৪৬,৫৬,৭১৩/- (এক কোটি ছেচল্লিশ লক্ষ ছাপ্পান্ন হাজার সাতশত তের) টাকার প্রাক্কলন অনুযায়ী PPR- ২০০৮ এর আলোকে LTM এর মাধ্যমে ঠিকাদার নিযুক্তি করে কাজটি বাস্তবায়নের সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হবে।

(ঘ) উপজেলা প্রকৌশলী আরোও জানান যে, উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুর মহোদয়ের নতুন বাসভবন নির্মানের জন্য Soil Test করা হয়েছে। Soil Test বাবদ ১৮,০০০/- টাকা CDD Housing ফার্ম, মুন্সিপাড়া, রংপুরকে পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে ব্যাপক আলোচনান্তে উপজেলা রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা প্রকৌশলী আরোও জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় পঞ্চম অর্থবছর (২০২০-২১ অর্থ বছর) এর জন্য অবকাঠামো উন্নয়ন ও সরঞ্জাম সরবরাহ বিষয়ক বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ অনুমোদনের জন্য উপজেলা কমিটি এবং প্রকল্প বাছাই কমিটি (পিএসসি) কর্তৃক সুপারিশ করা হয়েছে। উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহের মোট প্রাক্কলিত বাজেট ভ্যাট ও ট্যাক্স ব্যতীত ৪০,০০,০০০/= (চল্লিশ লক্ষ) টাকা। সভায় জানানো হয়, উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর বাস্তবায়নের জন্য সম্মতি গ্রহণের লক্ষ্যে ইউজিডিপি-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর অনুমোদিত প্রস্তাবনাসমূহ পাঠানো হবে। প্রস্তাবনাসমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়।
অগ্রাধিকার ক্রম অনুযায়ী প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোর বিবরণঃ

| উপ-প্রকল্পের বিবরণ : | সেক্টরঃ | কাজের ধরণঃ |
|---|---|---|
| (ক) মিঠাপুকুর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের উঁচু-নিচু বেঞ্চ সরবরাহ ।<br>(খ) মিঠাপুকুর উপজেলার গ্রামীণ সড়কে সোলার প্যানেল স্থাপন। | (ক) শিক্ষা<br>(খ) ভৌত অবকাঠামো উন্নয়ন | (ক) সরঞ্জাম ক্রয় ও সরবরাহ<br>(খ) সরঞ্জাম ক্রয়, সরবরাহ ও স্থাপন |

(২) উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ঃ

উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা জানান যে, ৩৩টি কৃত্রিম প্রজনন কেন্দ্রে ১৫৯২টি গাভী/বকনাকে প্রজনন করা হয়েছে এবং ক্ষুদ্র ঋন কার্যক্রমের আওতায় ঋন আদায় অব্যাহত রয়েছে । এছাড়া তার বিভাগের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। তেমন কোন অসুবিধা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ক্ষুদ্র ঋন কার্যক্রমের আওতায় আদায় কার্যক্রম জোরদার করার সিদ্ধান্ত গৃহীত হয় ।এ ছাড়া সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা মিঠাপুকুর,রংপুর |

(৩) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ ঃ

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর বিভাগীয় অক্টোবর, ২০২১ খ্রিঃ মাসের উন্নয়নমুলক কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরুপ পেশ করেন ।

| মোট সক্ষম দম্পতি | খাবার বড়ি গ্রহীতা | কনডম গ্রহীতা | ইনজেকটেবল গ্রহীতা | আইইউডি গ্রহীতা | ইমপ্লান্ট গ্রহীতা | স্হায়ী পদ্ধতি | | মোট গ্রহণকারীর সংখ্যা | গ্রহনকারীর হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | পুরুষ | মহিলা | | |
| ১১৭৬১২ | ৪৮৯২৮ | ৪৮৯৫ | ১৯০৫৬ | ২৩৩৫ | ৪৩৫৬ | ৪২৫০ | ৫৭৫৮ | ৯১৫২৪ | ৭৭.২৬% |
| অক্টোবর/২১ মাসের নতুন গ্রহিতা | ৬৩৫ | ৯৯ | ৩৫৮ | ৪২ | ২৩৪ | ৯ | ২২ | ১৩৫৬ | |

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠুভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা পঃপঃ অফিসার,মিঠাপুকুর,রংপুর |

(৪) উপজেলা মহিলা বিষয়ক বিভাগঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন অসুবিধা নেই।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে । | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(৫)উপজেলা সমাজসেবা বিভাগঃ

উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় আরোও জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন অসুবিধা নেই । তিনি জানান সকল ভাতা কার্যক্রম ও সুদমুক্ত ক্ষুদ্রঋন কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে । | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মিঠাপুকুর,রংপুর |

(৬)উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কাজকর্ম ভাল ভাবে চলছে । কোন অসুবিধা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে । | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(৭)উপজেলা জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তরঃ

উপ-সহকারী প্রকৌশলী,জনস্বাস্হ্য প্রকৌশল অধিদপ্তর, মিঠাপুকুর সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোন অসুবিধা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| বিভাগীয় কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদন করতে হবে। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্হ্য প্রকৌঃ অধিদপ্তর, মিঠাপুকুর,রংপুর। |

(৮)উপজেলা মৎস্য বিভাগঃ

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। জেলা নিবন্ধন কার্যক্রম সারা বছরের জন্য চলমান প্রক্রিয়া। ইতোপূর্বে বাদ পড়া জেলেরা নির্ধারিত ফর্মে এফআইডি কার্ড প্রাপ্তির জন্য আবেদন করেছেন। ০৮ টি ইউনিয়ন থেকে মোট ৭১ জনের আবেদন পাওয়া গেছে। যাচাই বাছাইপূর্বক জেলেদের তালিকা চূড়ান্ত অনুমোদন করে মৎস্য অধিদপ্তরে প্রেরণ করা প্রয়োজন। মুজিববর্ষ উপলক্ষে মিঠাপুকুর উপজেলাকে পিরানহা মুক্ত ঘোষনা করার জন্য কার্যক্রম চলমান রয়েছে। এ লক্ষ্যে উপজেলার বিভিন্ন মাছ বাজারে সচেতনতা সভা, মোবাইল কোর্ট চালানো হচ্ছে। তাছাড়া ২২ দিন ব্যাপী ইলিশ রক্ষা অভিযান সফলভাবে সম্পন্ন হয়েছে।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ইজারাযোগ্য জলাশয় সমুহ বিধি মোতাবেক ইজারা প্রদানের জন্য সর্বসম্মতিক্রমে গৃহীত হয় । এছাড়া সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(৯)উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগঃ

উপজেলা স্বাঃ ও পঃপ কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, মিঠাপুকুর উপজেলার করোনা-১৯ পরিস্থিতি অনেকটাই ভাল রয়েছে এবং তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা স্বাঃ ও পঃপ কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১০)উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা প্রঃবাঃ কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর |

(১১) উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগঃ

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে। কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা শিক্ষা কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১২) উপজেলা কৃষি বিভাগঃ

উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, গত বছর দেশে চাহিদা মোতাবেক পিঁয়াজের মজুদ না থাকায় অনেক সমস্যা সম্মুখীন হতে হয়। এ লক্ষ্যে এবার গ্রীষ্মকালীন পেয়াঁজ চাষাবাদ করার জন্য আগ্রহী চাষীদের পরামর্শ দিয়ে যাচ্ছি। আরোও বলেন তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে কোন অসুবিধা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা কৃষি কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১৩) উপজেলা সমবায় বিভাগঃ

উপজেলা সমবায় কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, আগামী ০৯ নভেম্বর ২০২১ তারিখে জাতীয় সমবায় দিবস। এ উপলক্ষ্যে সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও দাওয়াত প্রদান করেন এবং বলেন তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা সমবায় কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১৪) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১৫) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

(১৬) উপজেলা বন বিভাগঃ

উপজেলা বন কর্মকর্তা, মিঠাপুকুর, রংপুর সভায় জানান যে, তার বিভাগের বিভাগীয় কার্যক্রম ভালভাবে চলছে । কোন সমস্যা নেই ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| সুষ্ঠভাবে বিভাগীয় কার্যক্রম সম্পাদন করতে হবে | উপজেলা বন কর্মকর্তা,মিঠাপুকুর,রংপুর |

১৭। বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ (বিএমডিএ):

সহকারী প্রকৌশলী, বিএমডিএ, মিঠাপুকুর, রংপুর জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সহকারী প্রকৌশলী, বিএমডিএ, মিঠাপুকুর, রংপুর জানান যে, তাঁর দপ্তরের কার্যক্রম স্বাভাবিক রয়েছে। সভাপতি মহোদয় বলেন, ১০ নং বালুয়া মাসিমপুর ইউনিয়নের আন্ধারকোটা গভীর নলকূপের পরিচালনা কমিটি ও অপারেটের নিযুক্তির জন্য গত মাসের সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত বাস্তায়নের আহবান করেন।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ০১. গভীর নলকূপের আয়োতাধীন সেচ প্রকল্প সংখ্যাগরিষ্ট কৃষকের সিদ্ধান্তের ভিত্তিতে পরিচালনা করতে হবে।<br>০২. গত জুলাই/২০২০ এর উপজেলা পরিষদ সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য পরামর্শ প্রদান করেন। | উপজেলা বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, মিঠাপুকুর,রংপুর |

১৮। জঙ্গী তৎপরতা রোধে উদ্ধুদ্ধকরণ কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

জঙ্গী তৎপরতারোধে উদ্ধুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাহী অফিসার উপস্হিত ইউপি চেয়ারম্যানগণকে আহবান জানান । তিনি বলেন,জঙ্গী তৎপরতা বিষয়ে সকলকে সজাগ থাকতে হবে । সভায় উপস্হিত ইউপি চেয়ারম্যানগণ বলেন, তাদের স্ব-স্ব ইউনিয়নে জঙ্গী সংগঠনের কোন কার্যক্রম নাই। কোথাও জঙ্গী তৎপরতা লক্ষ্য করা গেলে তাৎক্ষনিকভাবে তা প্রতিহত করার লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| জঙ্গী তৎপরতারোধে উদ্ধুদ্ধকরণ কার্যক্রম অব্যাহত রাখতে হবে । | অফিসার ইনচার্জ,মিঠাপুকুর থানা এবং<br>চেয়ারম্যান,সকল ইউপি,মিঠাপুকুর,রংপুর । |

১৯। ডিজিটাল বাংলাদেশ গঠনে কার্যকর উদ্যোগ গ্রহণ ।

উপজেলা নির্বাহী অফিসার বলেন,ডিজিটাল বাংলাদেশ বিনির্মানে বর্তমান সরকার কর্তৃক বহুমূখী কার্যক্রম গ্রহণ করা হয়েছে গৃহীত সকল কার্যক্রম যথাযথভাবে করতে হবে। এ জন্য তিনি সকল ইউপি চেয়ারম্যান এবং সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানান ইউনিয়ন পর্যায়ে ইউআইএসসি সমূহ থেকে সেবা গ্রহণের কার্যকর উদ্যোগ গ্রহণের জন্য তিনি ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান ।

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| ডিজিটাল বাংলাদেশ গঠনে গৃহীত সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে | ১। বিভাগীয় কর্মকর্তা,সকল বিভাগ,মিঠাপুকুর,রংপুর ।<br>২। চেয়ারম্যান,সকল ইউপি,মিঠাপুকুর,রংপুর । |

০৩। বিবিধ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ ।

০১। **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগঃ**

উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর আওতায় পঞ্চম অর্থবছরের (২০২০-২১ অর্থ বছর) জন্য সক্ষমতা উন্নয়নের নিমিত্ত নিম্লোক্ত প্রশিক্ষণ বিষয়ক বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ অনুমোদনের জন্য উপজেলা কমিটি এবং প্রকল্প বাছাই কমিটি (পিএসসি) কর্তৃক সুপারিশ করা হয়েছে। উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহের মোট প্রাক্কলিত বাজেট ভ্যাট ও ট্যাক্স ব্যতীত ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা। সভায় জানানো হয়, উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর বাস্তবায়নের জন্য সম্মতি গ্রহণের লক্ষ্যে ইউজিডিপি-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর অনুমোদিত প্রস্তাবনাসমূহ পাঠানো হবে। প্রস্তাবনাসমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অগ্রাধিকার ক্রম অনুযায়ী প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোর বিবরণঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগঃ**<br>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগের বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি)-এর আওতায় পঞ্চম অর্থবছরের (২০২০-২১ অর্থ বছর) জন্য সক্ষমতা উন্নয়নের নিমিত্ত নিম্লোক্ত প্রশিক্ষণ বিষয়ক বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ অনুমোদনের জন্য উপজেলা কমিটি এবং প্রকল্প বাছাই কমিটি (পিএসসি) কর্তৃক সুপারিশ করা হয়েছে। উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহের মোট প্রাক্কলিত বাজেট ভ্যাট ও ট্যাক্স ব্যতীত ১০,০০,০০০/= (দশ লক্ষ) টাকা। সভায় জানানো হয়, উপ-প্রকল্প প্রস্তাবনাসমূহ উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদনের পর বাস্তবায়নের জন্য সম্মতি গ্রহণের লক্ষ্যে ইউজিডিপি-এর প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব) বরাবর অনুমোদিত প্রস্তাবনাসমূহ পাঠানো হবে। প্রস্তাবনাসমূহ সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>অগ্রাধিকার ক্রম অনুযায়ী প্রস্তাবিত উপ-প্রকল্পগুলোর বিবরণঃ | আলোচনান্তে পার্শ্বে উল্লিখিত উপ-প্রকল্পসমূহের গুরুত্ব বিবেচনা করে উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয়ের সম্মতিক্রমে প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী/উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর |

| ক্রম | উপ-প্রকল্পের শিরোনাম | বাস্তবায়নকারী সংস্থা |
|---|---|---|
| ০১. | ডিজিটাল পদ্ধতিতে বিভিন্ন অ্যাপস ও তথ্য প্রযুক্তির ব্যবহার সম্পর্কে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের হাতে-কলমে প্রশিক্ষণ | উপজেলা শিক্ষা কমিটি |
| ০২. | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট-এর মাধ্যমে শ্রেণীতে পাঠদান করানোর কৌশল বিষয়ক প্রশিক্ষণ | উপজেলা শিক্ষা কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | কোভিড-১৯ প্রতিরোধকল্পে মসজিদের ইমামদের সচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক কর্মসূচী | উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন কমিটি | | |
| ০৫. | স্কুল পড়ুয়া মেয়েদের বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সচেতনতা ও প্রজনন স্বাস্থ্য বিষয়ে প্রশিক্ষণ | উপজেলা মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষা কমিটি | | |
| ০৬. | মিঠাপুকুর উপজেলার বেকার ছেলেদের মোবাইল সার্ভিসিং প্রশিক্ষণ প্রদান। | উপজেলা সমাজ কল্যাণ কমিটি | | |

০২। সভাপতি মহোদয় বলেন, উপজেলা পরিষদ, মিঠাপুকুর, রংপুর এর দপ্তরের ০১ জন সাঁটমুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মিঠাপুকুর, রংপুকে অনুরোধ করেন।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন ।

( মোঃ জাকির হোসেন সরকার )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মিঠাপুকুর,রংপুর।

উপজেলা পরিষদ কার্যালয়
মিঠাপুকুর, রংপুর ।

স্মারক নং- ০৫.৪৭.৮৫৫৮.০০১.০০.০০০.২১- ৫৪(৫০) তারিখ ঃ৩০ নভেম্বর ২০২১ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

১। জনাব এইচ এন আশিকুর রহমান, মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৩-রংপুর-৫ (মিঠাপুকুর) উপদেষ্টা উপজেলা পরিষদ ও সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি ।
২। উপজেলা................................................অফিসার, মিঠাপুকুর, রংপুর ।
৩। চেয়ারম্যান....................................(সকল), ইউনিয়ন পরিষদ, মিঠাপুকুর ।

( উপজেলা নির্বাহী অফিসার )
মিঠাপুকুর,রংপুর।